দৈনিক ইত্তেফাক

তারিখ 26 SEP 2017
পৃষ্ঠা 2 কলাম 1

# ঢাবি 'খ' ইউনিটে পাসের হার ১৬.৫৬ শতাংশ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের অধীনে ২০১৭-২০১৮ সেশনে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষায় পাসের হার ১৬ দশমিক ৫৬। গতকাল সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান। প্রকাশিত ফলাফলে দেখা যায়, অনুষদের ২ হাজার ৩৬৩টি আসনের বিপরীতে গত ২২ সেপ্টেম্বর অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় অংগ্রহণকারী ৩১ হাজার ৩৩৬ জনের মধ্যে পাস করেছেন ৫ হাজার ১৮৮ জন। বিভিন্ন জটিলতায় বাদ যায় ৩টি উত্তরপত্র।

পরীক্ষার বিস্তারিত ফলাফল ও ভর্তি প্রক্রিয়া সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েব সাইটে জানা যাবে। এছাড়া, DU KHA লিখে roll no টাইপ করে ১৬৩২১ নম্বরে যেকোনো অপারেটরের মোবাইল ফোন থেকে send করে ফিরতি SMS-এ ফলাফল জানা যাবে।

ফল প্রকাশ অনুষ্ঠানে এ সময় আরো উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন ও 'খ' ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক আবু মো. দেলোয়ার হোসেন, যুগ্ম-সমন্বয়কারী ও আইন অনুষদের ডিন অধ্যাপক মো. রহমত উল্লাহ, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক হাসিবুর রশীদ প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
তারিখ........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর